BAPEX

বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
কোম্পানি সচিবালয়
বোর্ড উপবিভাগ

# জুলাই/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : প্রকৌশলী মোঃ ফজলুল হক, ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
তারিখ : ২৭ জুলাই, ২০২৫
সময় : সকাল ১০.৩০ মিনিট
সভার স্থান : বাপেক্স বোর্ড রুম
সভার উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | কার্যবিবরণী নিশ্চিতকরণ | ব্যবস্থাপনা পরিচালক সভায় উপস্থিত মহাব্যবস্থাপক, উপমহাব্যবস্থাপক, প্রকল্প পরিচালক ও প্রকল্প ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তাকে শুভেচ্ছা ও স্বাগত জানান। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য তিনি কোম্পানি সচিবকে অনুরোধ করেন। কোম্পানি সচিব ব্যবস্থাপনা পরিচালকসহ উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর গত ২৫.০৬.২০২৫ তারিখে অনুষ্ঠিত জুন/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য উপস্থাপন করেন। ব্যবস্থাপনা পরিচালক উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন মতামত ও সংশোধনের প্রয়োজন আছে কিনা জানতে চান। মহাব্যবস্থাপক (প্রশাসন) কার্যবিবরণীর ক্রমিক ০৯তে "রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার" বিষয়ের বাস্তবায়নকারী হিসেবে শুধুমাত্র মহাব্যবস্থাপক (প্রশাসন) উল্লিখিত থাকায় আলোচনার ১ম অংশের বাস্তবায়নকারী মহাব্যবস্থাপক (খনন) এবং ২য় অংশের বাস্তবায়নকারী মহাব্যবস্থাপক (প্রশাসন) উল্লেখ করার প্রস্তাব করলে সে অনুযায়ী সংশোধনীসহ কার্যবিবরণীটি নিশ্চিতকরণের পক্ষে সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ একমত প্রকাশ করেন। | ১। জুন/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী সংশোধনীসহ সর্বসম্মতিক্রমে নিশ্চিত করা হলো। | ১। উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| ২। | জামালপুর-১ কূপ খনন প্রকল্প | উপমহাব্যবস্থাপক (বেসিন স্টাডি) সভায় জানান যে, জামালপুর-২ কূপ খননের জন্য সরেজমিন পরিদর্শনপূর্বক লোকেশন নির্ধারণ করা হয়েছে এবং জামালপুর-৩ কূপ খননের জন্য সম্ভাব্য লোকেশন পরিদর্শন করা হয়েছে। তবে, জিএন্ডজি কমিটিতে জামালপুর-৩ কূপ খননের বিষয়ে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি। তিনি আরো জানান যে, জামালপুর-২ ও জামালপুর-৩ কূপ খননের জন্য প্রায় ১ কি.মি করে রাস্তা তৈরি করতে হবে। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, জামালপুর-২ ও জামালপুর-৩ কূপ খননের বিষয়ে দ্রুত পেট্রোবাংলায় প্রস্তাবনা উপস্থাপন (Presentation) করতে হবে। সে লক্ষ্যে বর্ণিত ২টি কূপ খননের বিষয়ে জিএন্ডজি কমিটি দ্রুত সভা আয়োজন করে কূপ খননের প্রস্তাবনাসহ প্রতিবেদন দাখিল করবে। সভায় জামালপুর-১ কূপ হতে গ্যাস উৎপাদন কার্যক্রম শুরু করার লক্ষ্যে বাপেক্স এর বিদ্যমান গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্টসমূহ থেকে | ১। জামালপুর-২ ও জামালপুর-৩ কূপ খননের বিষয়ে ২৮.০৭-২০২৫ তারিখে জিএন্ডজি কমিটি সভা আয়োজন করে কূপ খননের প্রস্তাবনাসহ প্রতিবেদন দাখিল করবে।<br>২। জামালপুর-১ কূপ হতে গ্যাস উৎপাদন কার্যক্রম শুরু করার লক্ষ্যে বাপেক্স এর বিদ্যমান গ্যাস ফিল্ডের প্রসেস প্লান্টসমূহ থেকে জামালপুর-১ কূপের গ্যাস উৎপাদনের জন্য প্রসেস প্লান্টের সম্ভাব্যতা যাচাই করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>২। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) ও আহবায়ক, জিএন্ডজি কমিটি<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জামালপুর-১ কূপের গ্যাস উৎপাদনের জন্য প্রসেস প্লান্টের সম্ভাব্যতা যাচাই করার পরামর্শ প্রদান করা হয়। | | |
| ৩। | ভোলা নর্থ কূপের প্রসেস প্ল্যান্ট স্থাপন | মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান, গ্যাস গ্যাদারিং লাইন নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণ কার্যক্রম চলমান আছে। অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ৪ ধারা হুকুমদখলের নোটিশ জারি শেষে গত ২৫.০৭.২০২৫ তারিখে যৌথ তদন্ত সম্পন্ন হয়েছে। ০৩ কূপের জন্য মোট ০৬টি গ্যাস গ্যাদারিং লাইন নির্মাণ করা প্রয়োজন বলে তিনি সভাকে অবহিত করেন। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, পূর্ববর্তী মাসের সমন্বয় সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রসেস প্ল্যান্ট কমিশনিং এবং গ্যাস সরবরাহের জন্য সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য গত ২২.০৬.২০২৫ তারিখে জিটিসিএল বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। তবে, H.S Code সংশ্লিষ্ট জটিলতার কারণে এখনো Letter of Credit (LC) স্থাপন করা সম্ভব হয়নি।<br><br>সভায় গ্যাস গ্যাদারিং লাইন নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের বিষয়টি মহাব্যবস্থাপক (নির্মাণ) এবং প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকির অনুরোধ জানানো হয়। এছাড়াও, গ্যাস সরবরাহের জন্য সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএল এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার এবং Letter of Credit (LC) স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) ও প্রকল্প পরিচালককে যৌথভাবে ভূমি অধিগ্রহণ কার্যক্রম তদারকি করতে হবে।<br>২। প্রসেস প্ল্যান্ট কমিশনিং এবং গ্যাস সরবরাহের জন্য সঞ্চালন পাইপলাইন নির্মাণের জন্য জিটিসিএল এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>৩। Letter of Credit (LC) স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। প্রকল্প পরিচালক (ভোলা নর্থ গ্যাসক্ষেত্রের জন্য প্রসেস প্ল্যান্ট সংগ্রহ ও স্থাপন প্রকল্প)<br>৩। উপমহাব্যবস্থাপক (অর্থ) |
| ৪। | Drilling Rig ক্রয় | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, ১০০০ হর্স পাওয়ার ক্ষমতাসম্পন্ন রিগ ক্রয়ের লক্ষ্যে টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরির কাজ সম্পন্ন করা হয়েছে। সেই আলোকে রিগের ব্যয় প্রাক্কলন তৈরির কাজ সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করা হয়েছে। পেট্রোবাংলায় উপস্থাপনের লক্ষ্যে Presentation প্রস্তুতের কাজ চলমান রয়েছে। ব্যবস্থাপনা পরিচালক পেট্রোবাংলায় উপস্থাপনের লক্ষ্যে একটি Presentation প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। | ১। পেট্রোবাংলায় উপস্থাপনের লক্ষ্যে একটি Presentation প্রস্তুত করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |
| ৫। | গভীর কূপ খনন প্রকল্প | বিভাগীয় প্রধান (প্লানিং এন্ড আইসিটি) জানান যে, প্রকল্প যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে করা হলে গত ০৮-০৭-২০২৫ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভার নির্দেশনা অনুযায়ী আগষ্ট-২০২৫ এর ২য় সপ্তাহে ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে পুনরায় প্রেরণ করা হবে। | ১। টেন্ডার সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি প্রস্তুত রাখতে হবে।<br>২। ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপ খননের লক্ষ্যে ৩১.০৭.২০২৫ এর মধ্যে দরপত্র দলিল ভেটিং করাতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। প্রকল্প ব্যবস্থাপক (সংশ্লিষ্ট প্রকল্প) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | তিনি আরো জানান যে, দরপত্রের আর্থিক মূল্যায়ন প্রতিবেদন শেষে পর্ষদ সভায় উপস্থাপন করা হলে ডিপিপি অনুমোদন সাপেক্ষে চুক্তি সম্পাদনের নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, ইতোমধ্যে রাস্তা তৈরির জন্য Notification of Award (NOA) প্রদান করা হয়েছে এবং কূপ খনন সংশ্লিষ্ট যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্ন করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আলোচনায় অংশ নিয়ে উপমহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) ও প্রকল্প ব্যবস্থাপক জানান যে, ফেঞ্চুগঞ্জ সাউথ-১ কূপ খননের লক্ষ্যে দরপত্র দলিল প্রস্তুতির কাজ চলমান আছে। তবে, দ্রুত সময়ের মধ্যে দরপত্র দলিল প্রস্তুতির কাজ সম্পন্ন করে দাখিল করা হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। ব্যবস্থাপনা পরিচালক ৩১.০৭.২০২৫ এর মধ্যে দরপত্র দলিল ভেটিং করানোর জন্য নির্দেশনা প্রদান করেন। | ৩। কূপের যাবতীয় পূর্ত কাজ যথাসময়ে সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৬। | সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (পরিকল্পনা ও আইসিটি) জানান যে, সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কাজের যৌক্তিকতা যাচাইয়ের কাজ চলমান আছে। সুবর্ণচর এলাকায় যেহেতু বাপেক্স এর কূপ খনন করা হচ্ছে তাই উক্ত কূপ খনন কাজ সম্পন্নের পর ৩ডি সাইসমিক সার্ভে কাজ করা সমীচীন। তিনি আরো জানান যে, ৩ডি সাইসমিক সার্ভে কাজের জন্য প্রস্তাবিত শৈলকূপা এলাকা পেট্রোবাংলার ফেন্স এলাকার আওতাধীন হওয়ায় উক্ত এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কাজের জন্য পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা প্রয়োজন। বিভাগীয় প্রধান (ভূপদার্থ) জানান যে, সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে ৩ডি সাইসমিক সার্ভে করা হবে কিনা সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য পরিকল্পনা ও আইসিটি বিভাগ কর্তৃক একটি প্রতিবেদন দাখিল করা হয়েছে। তবে, শৈলকূপা এলাকা বাপেক্স এর আওতাভুক্ত করা গেলে ২ডি সাইসমিক সার্ভে কাজও সম্পাদন করা যাবে বলে অবহিত করেন। মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব) জানান যে, কিছু এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে করা না হলে কূপ খননের Location সঠিকভাবে নির্ধারণ করা যায় না। তাই, বর্ণিত এলাকাসমূহ নতুন হওয়ায় ৩ডি সাইসমিক সার্ভে করা যৌক্তিক। পরিশেষে, ব্যবস্থাপনা পরিচালক শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কাজের বিষয়টি পেট্রোবাংলায় পত্রের মাধ্যমে অবহিতকরণের জন্য পরামর্শ প্রদান করেন। | ১। সুবর্ণচর, ফেনী ও শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কাজের যৌক্তিকতা যাচাই-বাছাইপূর্বক প্রকল্প গ্রহণ করতে হবে।<br>২। শৈলকূপা এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে কাজের বিষয়টি পেট্রোবাংলায় পত্রের মাধ্যমে অবহিত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)<br>২। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) |
| ৭। | চরফ্যাশন, মনপুরা ও হাতিয়া এলাকায় ৩ডি সাইসমিক সার্ভে | বিভাগীয় প্রধান (ভূপদার্থ) জানান যে, অর্থ মন্ত্রণালয় হতে অর্থায়নের প্রকৃতি নির্ধারণ করা হয়েছে। সে অনুযায়ী ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা হবে। সভায় দ্রুত ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। অর্থ বিভাগ এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।<br>২। দ্রুত ডিপিপি পুনর্গঠনপূর্বক পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ)<br>২। মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | | খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করতে হবে। | |
| ৮। | অডিট আপত্তি | উপমহাব্যবস্থাক (নিরীক্ষা) জানান যে, বাপেক্স এর অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে সভা আয়োজন করার প্রেক্ষিতে জুন-২০২৫ মাসে ১০টি অডিট নিষ্পত্তি হয়েছে। বাপেক্স এর মোট অডিট আপত্তির সংখ্যা ২৮৪টি । তবে, ২৮টি অডিট আপত্তি নতুন করে যুক্ত হবে। ব্যবস্থাপনা পরিচালক অডিট আপত্তি এড়ানোর লক্ষ্যে নথি উপস্থাপনের সময় আরো সতর্ক থাকার পরামর্শ প্রদান করেন। এছাড়া দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা অনুষ্ঠানের জন্য বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার পরামর্শ প্রদান করেন। | ১। নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভা আয়োজন করতে হবে।<br>২। বিদ্যুৎ ও জ্বালানি অডিট অধিদপ্তরের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (নিরীক্ষা) |
| ৯। | রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কার্যক্রম বাপেক্স এর নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের বিষয়টি পরিচালক পর্ষদের ৪৯৮তম সভায় অনুমোদিত হয়েছে। বিজয়-১২ রিগ দ্বারা কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে রূপগঞ্জ-১ কূপ খনন এলাকায় নভেম্বর-২০২৫ মাসের শেষ নাগাদ স্থানান্তর করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। মহাব্যবস্থাপক (নির্মাণ) জানান যে, রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার এর জন্য পূর্ত কাজ চলমান আছে। যথাসময়ে পূর্ত কাজ সম্পন্ন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সভায় কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার এলাকায় স্থানান্তর এবং দ্রুত পূর্ত কাজ সম্পন্নের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। কৈলাশটিলা-১ কূপের ওয়ার্কওভার শেষে বিজয়-১২ রিগ রূপগঞ্জ-১ কূপ এলাকায় স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। রূপগঞ্জ-১ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে দ্রুত পূর্ত কাজ সম্পন্ন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল)<br>২। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ১০ | বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তর | উপমহাব্যবস্থাপক (ভান্ডার) জানান যে, বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তরের জন্য গঠিত কমিটি রূপগঞ্জ ও কাপাসিয়া স্থাপনায় সরেজমিন পরিদর্শন করা হয়েছে। যেসব স্থানে অকেজো মালামাল রাখা হবে তা নির্ধারণ করা হয়েছে। ইতোমধ্যে উক্ত কার্যক্রম সম্পদনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ পাওয়া গেছে। তবে, অকেজো মালামাল স্থানান্তরের জন্য প্রয়োজনীয় গাড়ী পাওয়া যায়নি। প্রকৌশল বিভাগ কর্তৃক গাড়ী সরবরাহ সাপেক্ষে স্থানান্তর কার্যক্রম সম্পন্ন করা হবে। আলোচনায় অংশ নিয়ে মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, জামালপুর-১ কূপ খননের মালামাল স্থানান্তরের সাথে সমন্বয় করে বাপেক্সের অকেজো মালামাল স্থানান্তরের জন্য গাড়ী সরবরাহ করা হবে। সভায় বাপেক্সের অকেজো মালামাল সংক্রান্ত একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করার পক্ষে একমত প্রকাশ করা হয়। ব্যবস্থাপনা পরিচালক বৈদেশিক ক্রয় উপবিভাগ ও স্থানীয় ক্রয় উপবিভাগে রক্ষিত দরপত্র দাতাদের অপ্রয়োজনীয় Bid-সমূহ তালিকাবদ্ধ করে কাপাসিয়া বা রূপগঞ্জ-১ এ স্থানান্তরের লক্ষ্যে উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়-আহবায়ক, উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়), ব্যবস্থাপক (সদস্য সচিব), ব্যবস্থাপক (প্রকৌশল), ও | ১। বাপেক্সের অকেজো মালামাল দ্রুত অপসারণ/ স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং অকেজো মালামাল নিলামে বিক্রয়ের নীতিমালা প্রণয়ন করতে হবে।<br>২। বাপেক্সের অকেজো মালামাল সংক্রান্ত একটি কার্যপত্র (Board Paper) প্রস্তুত করতে হবে।<br>৩। বৈদেশিক ক্রয় উপবিভাগ ও স্থানীয় ক্রয় উপবিভাগে রক্ষিত দরপত্র দাতাদের অপ্রয়োজনীয় Bid-সমূহ তালিকাবদ্ধ করে কাপাসিয়া বা রূপগঞ্জ-১ এ স্থানান্তরের লক্ষ্যে উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়)-আহবায়ক,<br>উপমহাব্যবস্থাপক (স্থানীয় ক্রয়), উপমহাব্যবস্থাপক (ভান্ডার), ব্যবস্থাপক (প্রকৌশল), ব্যবস্থাপক (উৎপাদন) ও ব্যবস্থাপক (স্থানীয় ক্রয়)- | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>৩। উপমহাব্যবস্থাপক (ভান্ডার) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ব্যবস্থাপক (উৎপাদন) এর সমন্বয়ে কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন। | সদস্যসচিব এর সমন্বয়ে কমিটি গঠন করতে হবে। | |
| ১১। | সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, সেমুতাং-৬ কূপে ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল সংরক্ষিত আছে। পরিচালক পর্ষদের সভায় এ বিষয়ে কার্যপত্র উপস্থাপন করা হলে তা অনুমোদিত হয়। তিনি আরো জানান যে, সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার কার্যক্রম বিজয়-১৮ রিগের মাধ্যমে সম্পাদন করা হবে। রশিদপুর-৩ কূপ ওয়ার্কওভার সম্পন্ন শেষে সেপ্টেম্বর-২০২৫-এ সেমুতাং-৬ কূপের ওয়ার্কওভার এলাকায় বিজয়-১৮ রিগ স্থানান্তর করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। | ১। দ্রুততম সময়ে সেমুতাং-৬ ওয়ার্কওভার এর ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। রশিদপুর-৩ কূপ ওয়ার্কওভার শেষে সেমুতাং-৬ কূপ এলাকায় বিজয়-১৮ রিগ স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ১২। | সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার | মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস) জানান যে, শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার কাজ সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সার্ভেসের বিষয়ে চুক্তি সম্পাদন করা হয়েছে। তবে, সুন্দলপুর-৩ ওয়ার্কওভার সম্পাদনের বিষয়টি খতিয়ে দেখার জন্য অদ্যাবধি কমিটি গঠন না হওয়ায় কোন পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হয়নি। মহাব্যবস্থাপক (প্রকৌশল) জানান যে, বিয়ানীবাজার কূপ ওয়ার্কওভার সম্পন্ন শেষে শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার এলাকায় আইপিএস কার্ডওয়েল রিগ স্থানান্তর করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। ব্যবস্থাপনা পরিচালক সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কারিগরি/আর্থিক বিষয়াদি খতিয়ে দেখার এবং শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার সম্পাদনের লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ দ্রুত স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার পরামর্শ প্রদান করেন। | ১। সুন্দলপুর-৩ এবং শাহবাজপুর-৪ কূপে ওয়ার্কওভার সম্পাদনের জন্য কারিগরি/আর্থিক বিষয়াদি খতিয়ে দেখতে হবে।<br>২। শাহবাজপুর-৪ কূপের ওয়ার্কওভার সম্পাদনের লক্ষ্যে আইপিএস কার্ডওয়েল রিগ দ্রুত স্থানান্তরের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ১।মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>২।মহাব্যবস্থাপক (উৎপাদন)<br>৩।মহাব্যবস্থাপক (ভূতত্ত্ব)<br>১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ১৩। | বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদার | উপমহাব্যবস্থাপক (এইচএসই) জানান যে, বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতকর্তামূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে এবং বাপেক্স ভবনের ছাদে Lightening Protection System স্থাপনের বিষয়ে একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির কার্যক্রম চলমান আছে। উপমহাব্যব্যস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, বাপেক্স ভবনে পরীক্ষাগার বিভাগ, লেভেল-১, লেভেল-৬ ও ছাদে সর্বমোট ছয়টি বার্নারের জন্য স্থাপিত গ্যাস সংযোগ সংযোগগুলো ভবনের দক্ষিণ পাশের স্যানেটারী ডাক্ট ও ফ্লোর টাইলসের নিচ দিয়ে নেয়ার পরিবর্তে সারফেস দিয়ে স্থাপন করা সমীচীন। সভায় বাপেক্স ভবনের ছাদে Lightening Protection System স্থাপন এবং ভবনের প্রয়োজনীয় বার্নারের গ্যাস সংযোগগুলোর স্যানেটারী ডাক্ট ও ফ্লোর টাইলসের নিচ দিয়ে নেয়ার পরিবর্তে বিকল্প ব্যবস্থা গ্রহণ করার পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। বাপেক্স ভবনে নিরাপত্তা জোরদারসহ অগ্নিকান্ডের বিষয়ে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। দ্রুত বাপেক্স ভবনের ছাদে Lightening Protection System স্থাপন এবং বাপেক্স ভবনের ঝুঁকিপূর্ণ গ্যাস সংযোগগুলোর স্যানেটারী ডাক্ট ও ফ্লোর টাইলসের নিচ দিয়ে নেয়ার পরিবর্তে বিকল্প ব্যবস্থা গ্রহণ সংক্রান্তে গঠিত কমিটিকে প্রাক্কলনসহ ১০ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে প্রতিবেদেন দাখিল করতে হবে। | ১। উপমহাব্যবস্থাপক (সেবা)<br>২। উপমহাব্যবস্থাপক (এইচএসই)<br>৩। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৪। | রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম | মহাব্যবস্থাপক (প্রকৌশল) সভায় জানান যে, রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম চলমান আছে। সভায় ধারাবাহিকভাবে রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখার পক্ষে একমত প্রকাশ করা হয়। | রিগের পিরিয়ডিক মেইনটেইনেন্স ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) |
| ১৫। | বিবিধ | ১৫.১। মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার লক্ষ্যে প্রয়োজনীয় ড্রইং/ডিজাইন সম্পন্ন শেষে একটি প্রাক্কলন কমিটি গঠন করা হয়েছে। প্রাক্কলন কাজ সম্পন্ন হলে দরপত্র আহবান করা হবে। আগামী অক্টোবর-২০২৫ এর মধ্যে বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার কাজ সম্পন্ন করা যাবে বলে তিনি আশা প্রকাশ করেন। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে প্রয়োজন অনুযায়ী বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্তে গঠিত কমিটিকে প্রাক্কলনসহ ১০ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করার নির্দেশনা প্রদান করেন। | ১। বাপেক্স ভবনের নিরাপত্তার স্বার্থে প্রয়োজন অনুযায়ী বাউন্ডারি ওয়াল আরো উঁচু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্তে গঠিত কমিটিকে প্রাক্কলনসহ ১০ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ)<br>২। উপমহাব্যবস্থাপক (সেবা) |
| | | ১৫.২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় জানান যে, কাপাসিয়ায় ভূপদার্থিক বিভাগের মালামাল (২ডি ও ৩ডি সাইসমিক সার্ভে), পরীক্ষাগার বিভাগের মালামাল এবং জিওলজিক্যাল পার্টির মালামাল রাখার জন্য ১টি গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণের জন্য গঠিত কমিটির কাজ চলমান আছে। আগামী আগষ্ট, ২০২৫ এর ১ম সপ্তাহের মধ্যে উক্ত বিষয়ে গঠিত কমিটির প্রতিবেদন দাখিল করা হবে। ব্যবস্থাপনা পরিচালক দ্রুত প্রতিবেদনটি দাখিল করার পরামর্শ প্রদান করেন। | ১। গোডাউন বা ওয়্যারহাউজ নির্মাণ গঠিত কমিটির প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (ভূপদার্থ) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি<br>২। উপমহাব্যবস্থাপক (নির্মাণ) ও সদস্য সচিব, সংশ্লিষ্ট কমিটি |
| | | ১৫.৩। মহাব্যবস্থাপক (খনন) জানান যে, রাজস্ব বাজেট হতে ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) জটিলতা এড়ানোর লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল ক্রয়ের পূর্বে টেন্ডার ডকুমেন্টস যাচাই-বাছাই করে প্রস্তুত করার জন্য অনুরোধ করেন। সভায় ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের জন্য প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। বাপেক্স এর রাজস্ব বাজেট হতে ন্যূনতম ২টি কূপ খনন ও পরিচালক পর্ষদ কর্তৃক অনুমোদিত কূপ সমূহের ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় মালামাল দ্রুত ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (খনন)<br>২। উপমহাব্যবস্থাপক (বৈদেশিক ক্রয়) |
| | | ১৫.৪। মহাব্যবস্থাপক (প্রকৌশল) বলেন যে, বাপেক্স ভবনের প্রতিটি ফ্লোরে সরেজমিন পরিদর্শনপূর্বক সুন্দর ও স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড/ এসি স্থাপন অথবা প্রযোজ্য ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা ও কার্যক্রম চলমান আছে। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্স ভবনে স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড/ এসি স্থাপন অথবা প্রযোজ্য ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যস্থাপক | ১। বাপেক্স ভবনে স্বাস্থ্যকর কর্মপরিবেশ নিশ্চিতের লক্ষ্যে ফ্লোর স্ট্যান্ড/ এসি স্থাপন অথবা প্রযোজ্য ক্ষেত্রে বিকল্প ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে মহাব্যবস্থাপক (প্রশাসন), মহাব্যস্থাপক (প্রকৌশল) ও মহাব্যবস্থাপক (নির্মাণ) এর সমন্বয়ে একটি কমিটি গঠন করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন) |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (প্রকৌশল) ও উপমহাব্যবস্থাপক (নির্মাণ) এর সমন্বয়ে একটি কমিটি গঠনের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| | | ১৫.৫। মহাব্যবস্থাপক (নির্মাণ) সভায় অবহিত করেন যে, বাপেক্সের মাধবপুর রিগ বেইজে অফিস কাম ডরমিটরি ভবন নির্মাণ করার লক্ষ্যে ড্রইং/ডিজাইন/নকশা প্রণয়নের কাজ সম্পন্ন করা হয়েছে। নির্দেশনা অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। ব্যবস্থাপনা পরিচালক মাধবপুর রিগ বেইজের অফিস কাম ডরমিটরি ভবন নির্মাণ করার লক্ষ্যে একটি কার্যপত্র প্রস্তুত করার পরামর্শ প্রদান করেন। | ১। মাধবপুর রিগ বেইজে অফিস কাম ডরমিটরি ভবন নির্মাণ করার লক্ষ্যে একটি কার্যপত্র প্রস্তুত করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | | ১৫.৬। মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, সোলার প্যানেল স্থাপনের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং পেট্রোবাংলার নির্দেশনা রয়েছে। তাই, বাপেক্স ভবন ও চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়সহ বাপেক্স এর অন্যান্য স্থাপনায় সোলার প্যানেল স্থাপন করা প্রয়োজন। সভায় বাপেক্সের যে স্থাপনায় সোলার প্যানেল স্থাপন করা হলে লাভবান হওয়া যাবে এমন স্থাপনা নির্ধারণের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। বাপেক্স ভবন ও চট্টগ্রাম আঞ্চলিক কার্যালয়সহ বাপেক্স এর অন্যান্য স্থাপনায় সোলার প্যানেল স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রশাসন)<br>২। মহাব্যবস্থাপক (ওয়েল সার্ভিসেস)<br>৩। মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| | | ১৫.৭। মহাব্যবস্থাপক (উৎপাদন) জানান যে, সর্বশেষ আইনী মতামত এবং পেট্রোবাংলার মতামতের ভিত্তিতে ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের তদারকি কাজ ০১-০৮-২০২৪ তারিখ হতে বাপেক্স করে আসছে। তবে, উক্ত গ্যাস ফিল্ডের মালিকানার বিষয়টি নিষ্পত্তি হয়নি। সম্প্রতি বিজিএফসিএল ও এসজিএফএল ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের কিছু বিষয়ে হস্তক্ষেপ করেছে। তাই, বর্ণিত বিষয়ে দিক-নির্দেশনা কামনা করে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করা প্রয়োজন। সভায় ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের মালিকানার বিষয়ে দিক-নির্দেশনা কামনা করে পেট্রোবাংলায় পত্র প্রেরণের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। ফেনী ও ছাতক গ্যাস ফিল্ডের মালিকানার বিষয়ে দিক-নির্দেশনা কামনা করে পেট্রোবাংলায় পত্র প্রেরণ করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (উৎপাদন) |
| | | ১৫.৮। উপমহাব্যবস্থাপক (সংস্থাপন) জানান যে, গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব পেট্রোবাংলার মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণ করা প্রয়োজন। ব্যবস্থাপনা পরিচালক বলেন যে, জিডিএফ এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব প্রেরণ করা খুবই গুরুত্বপূর্ণ। অন্যথায় উক্ত অর্থ পরিশোধের জন্য পেট্রোবাংলা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ তাগাদা আসার সম্ভাবনা রয়েছে। তিনি ০৪ আগষ্ট ২০২৫ এর মধ্যে বর্ণিত বিষয়ে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। গ্যাস উন্নয়ন তহবিল (জিডিএফ) এর অর্থায়নে বাস্তবায়িত/সমাপ্ত অলাভজনক প্রকল্পের বিপরীতে গৃহীত ঋণ অনুদানে রূপান্তরের প্রস্তাব আগামী ০৪ আগষ্ট ২০২৫ তারিখের মধ্যে প্রতিবেদন দাখিল করতে হবে। | ১। মহাব্যবস্থাপক (প্রকৌশল) ও আহবায়ক, সংশ্লিষ্ট কমিটি |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত/নির্দেশনা | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ১৫.৯। ব্যবস্থাপনা পরিচালক বাপেক্সে যে ৮৩ জন নতুন কর্মকর্তা যোগদান করার জন্য অপেক্ষমাণ রয়েছে তাদেরকে কোম্পানির কাজে সম্পৃক্ত করার লক্ষ্যে কোন কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে কিনা জানতে চাইলে মহাব্যবস্থাপক (প্রশাসন) জানান যে, প্রচলিত রীতি অনুযায়ী ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের মাধ্যমে বাপেক্সের সার্বিক কার্যক্রম সম্পর্কে অবহিত করা হবে। সভায় নতুন কর্মকর্তাদের জন্য ওরিয়েন্টশন প্রোগাম আয়োজনের পক্ষে একমত প্রকাশ করা হয়। | ১। যে ৮৩ জন নতুন কর্মকর্তা যোগদান করার জন্য অপেক্ষমাণ রয়েছে তাদেরকে বাপেক্সের কর্মকাণ্ডে সম্পৃক্ত করার লক্ষ্যে ওরিয়েন্টশন প্রোগাম আয়োজন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্লানিং এন্ড আইসিটি)-সহ সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগণ |

আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলের নিরাপদ জীবন ও সুস্বাস্থ্য কামনা করে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/৭/২৫

প্রকৌশলী মোঃ ফজলুল হক
ব্যবস্থাপনা পরিচালক
এবং সভাপতি, মাসিক সমন্বয় সভা

বিতরণ:
১) মহাব্যবস্থাপক ......................................................... বাপেক্স।
২) উপমহাব্যবস্থাপক ..................................................... বাপেক্স।
৩) প্রকল্প পরিচালক/স্থাপনা প্রধান/ প্রকল্প ব্যবস্থাপক........................................ বাপেক্স।
৪) অফিস কপি।